গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৭১

**রাজশাহীতে আন্তর্জাতিক টেনিস টুর্নামেন্টে অংশ নিতে উনিশ দেশের খেলোয়াড়দের নিবন্ধন**

রাজশাহী; ৩১ভাদ্র (১৫ সেপ্টেম্বর):

আগামী ৪ অক্টোবর থেকে রাজশাহী টেনিস কমপ্লেক্সে অনুষ্ঠিত হতে যাচ্ছে আইএফটি টেনিস টুর্নামেন্ট ২০২৫। টুর্নামেন্ট শেষ হবে ১০ অক্টোবর। আন্তর্জাতিক এ টুর্নামেন্ট সফলভাবে আয়োজনের লক্ষ্যে আজ (১৫ অক্টোবর) সন্ধ্যায় রাজশাহী টেনিস কমপ্লেক্সের অর্কিড সম্মেলন কক্ষে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

আইএফটি টেনিস টুর্নামেন্ট ২০২৫ এর খেলা পরিচালনা, খেলোয়াড়দের আবাসন, নিরাপত্তা, টেনিস কোর্টের সংস্কার, প্রটোকল এবং এ খেলার সাথে সম্পৃক্ত অন্যান্য বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় জানানো হয়, টুর্নামেন্টে অংশগ্রহণের জন্য এরই মধ্যে ১৯ দেশের ১৪৯ জন খেলোয়াড় নিবন্ধন সম্পন্ন করেছে। নিবন্ধনের জন্য এখনও একদিন সময় বাকি আছে। যারা নিবন্ধন শেষ করেছে তাদের মধ্যে ১১০ জন ছেলে ও ৩৯ জন মেয়ে।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, এই টুর্নামেন্ট রাজশাহী তথা দেশের জন্য মর্যাদার বিষয়, তাই টুর্নামেন্ট সফল করতে যা যা করা সম্ভব আমরা সবকিছুই করব। তিনি দ্রুততম সময়ে প্রয়োজনীয় উপকমিটি গঠন এবং উক্ত কমিটিগুলোর সভা আয়োজনের ওপর গুরুত্বারোপ করেন।

আরএমপি কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান এবং জেলা প্রশাসক আফিয়া আখতারসহ প্রশাসন ও পুলিশ বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তা, বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা এবং টেনিস কমপ্লেক্স সংশ্লিষ্টরা সভায় অংশগ্রহণ করেন।

...........................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/২০২৫/২২:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd